

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ১৫৬৬(আগরতলা ৯।৯)

উদয়পুর, ৯ সেপ্টেম্বর, ২০১৯

মাতাবাড়িতে প্রধানমন্ত্রী ফসল বিমা
যোজনায় উপকৃত বহু কৃষক

মাতাবাড়ি কৃষি মহকুমা এলাকায় চলতি অর্থবছরে আমন ফসলে মোট ৩৮২.১২ হেক্টর কৃষি জমি প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনার আওতায় আনা হয়েছে। ২,১২০ জন কৃষককে এই প্রকল্পে অন্তর্ভুক্ত করা হয়েছে। মাতাবাড়ি কৃষি মহকুমা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
